দৈনিক ইত্তেফাক

তারিখ JAN. 6 1999
পৃষ্ঠা ৪ কলাম ৭

56

## মেডিকেল ও বিশ্ববিদ্যালয়ের ভর্তি প্রক্রিয়া প্রসঙ্গে

বর্তমান সময়ে মেডিকেল ও বিশ্ববিদ্যালয়সমূহে পড়াশোনা করিতে চাহিলে রীতিমত ভর্তিযুদ্ধে অবতীর্ণ হইতে হয়। ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সহিত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের যথাক্রমে ৪% ও ৬% যোগ করিয়া মেধা তালিকা প্রকাশ করা হয়। এ কারণে মেধার প্রকৃত মূল্যায়ন হয় না। কোন কারণে একজন পরীক্ষার্থী বোর্ডের পরীক্ষাগুলিতে আশানুরূপ ফল লাভে ব্যর্থ হইলে মেডিকেল বা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়া তাহার ভাগ্যে জোটে না। তাহাছাড়া সময়ের ধারায় গ্রামাঞ্চলে যে হারে নকলের তান্ডবলীলা চলে তাহাতে বেশিরভাগ মেধাহীন ছাত্র ভাল ফলাফল লাভে সমর্থ হয় এবং মেডিকেল ও বিশ্ববিদ্যালয়ের বর্তমান ভর্তি প্রক্রিয়ার বদৌলতে তাহারা প্রকৃত মেধাবী শিক্ষার্থীর চাইতে যথেষ্ট আগাইয়া যায়। ফলে ভর্তির সুযোগ পাইতেছে অধিক নম্বরধারীর। প্রকৃত মেধা যাচাইয়ের লক্ষ্যে শুধুমাত্র ভর্তি পরীক্ষার উপর জোর দেওয়া হইলে শিক্ষার্থীরা অধিক নম্বর পাওয়ার (নকলের মাধ্যমে) চাইতে পড়াশোনায় বেশী মনোযোগী হইবে। এই ব্যাপারে সংশ্লিষ্ট সকল মহলের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

শীলা,
আশকোনা,
নূতন.এয়ারপোর্ট,
উত্তরা, ঢাকা-১২৩০।